

# Telephone conversation between Prime Minister Shri Narendra Modi and H.E. Mr. Sher Bahadur Deuba, Prime Minister of Nepal

July 19, 2021

**প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী টেলিফোনে নেপালের মহামান্য প্রধানমন্ত্রী শের বাহাদুর দেউবার সঙ্গে সৌজন্য বিনিময় করেছেন**  
জুলাই 19,2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ নেপালের মহামান্য প্রধানমন্ত্রী শের বাহাদুর দেউবাকে টেলিফোন করে সে দেশের প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানিয়েছেন। নেপালের সংসদে আস্থা ভোটে শ্রী শের বাহাদুর দেউবা প্রধানমন্ত্রী হিসেবে নির্বাচিত হয়েছেন।

ভারত ও নেপালের মধ্যে বন্ধুত্বকে স্বীকৃতি জানিয়ে দু'দেশের জনগণের যোগসূত্র গুলির কথা স্মরণ করে প্রধানমন্ত্রী উভয় দেশের মধ্যে দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধির প্রতি গুরুত্বারোপ করেছেন।

ভারতের প্রধানমন্ত্রী শ্রী মোদী এবং নেপালের প্রধানমন্ত্রী শ্রী দেউবা বর্তমান করোনা জনিত অতিমারি পরিস্থিতিতে দু'দেশের মধ্যে পারস্পরিক সম্পর্ক কিভাবে সুদৃঢ় করা যায় তা নিয়েও আলোচনা করেন।

নিউ দিল্লি

জুলাই 19,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.